রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৮.২২৬—গত ১৪ জুলাই ২০১৮ তারিখে নেদারল্যান্ডসে অনুষ্ঠিত প্রমীলা টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্বের ফাইনালে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল আয়ারল্যান্ডকে ২৫ রানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এর ফলে এ বছর নভেম্বর মাসে ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করে বাংলাদেশ নারী ক্রিকেট দল।

২। এ গৌরবময় অর্জনের জন্য বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের সকল খেলোয়াড় ও কোচ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে এবং বিজয়ের এই ধারা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ০১ শ্রাবণ ১৪২৫/১৬ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

ঢাকা: ০১ শ্রাবণ ১৪২৫ / ১৬ জুলাই ২০১৮

গত ১৪ জুলাই ২০১৮ তারিখে নেদারল্যান্ডসে অনুষ্ঠিত প্রমীলা টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্বের ফাইনালে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল আয়ারল্যান্ডকে ২৫ রানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এর ফলে এ বছর নভেম্বর মাসে ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করে বাংলাদেশ নারী ক্রিকেট দল। টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ নারী ক্রিকেট দলের খেলার যোগ্যতা অর্জন বাংলাদেশের নারীদের এক ঐতিহাসিক সাফল্য। উল্লেখ্য যে ইতঃপূর্বে তাঁরা গত ১০ জুন ২০১৮ তারিখে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত নারী এশিয়া কাপ টি-টোয়েন্টি ২০১৮-তে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় গৌরব অর্জন করেন।

এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির ফলপ্রসূতা ও নারীর ক্ষমতায়নে অর্জিত সাফল্যের পরিচায়ক।

মন্ত্রিসভা এ গৌরবময় অর্জনের জন্য বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের সকল খেলোয়াড় ও কোচ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানায় এবং বিজয়ের এই ধারা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd